বর্ষ ৪ | সংখ্যা ১২ | ফাল্গুন ১৪২৮ | ফেব্রুয়ারি ২০২২

# বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়-এর মাসিক নিউজলেটার



সার্বিক সহযোগিতা ও তত্ত্বাবধানে
**অধ্যাপক ডা. মো. শারফুদ্দিন আহমেদ**
মাননীয় উপাচার্য, বিএসএমএমইউ

## বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাসিক মুখপত্র



বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ স্যার আজ ১ ফেব্রুয়ারি ২০২২ইং তারিখে শহীদ ডা. মিল্টন হলে সকল বিভাগের সম্মানিত চেয়ারম্যানদের সাথে অনুষ্ঠিত সভায় দিক নির্দেশনামূলক বক্তব্য রাখেন। সম্পাদনা: সহকারী অধ্যাপক ডা. এস এম ইয়ার ই মাহাবুব ও সুব্রত বিশ্বাস। ছবি: মোঃ আরিফ খান। ক্যাপশন: প্রশান্ত মজুমদার।



বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ স্যার আজ ১ ফেব্রুয়ারি ২০২২ইং তারিখে হাসপাতালে রাউন্ড দেন এবং শিক্ষার্থীদের বিভিন্ন বিষয়ের চলমান পরীক্ষা কার্যক্রম পরিদর্শন করেন। সম্পাদনা: সহকারী অধ্যাপক ডা. এস এম ইয়ার ই মাহাবুব ও সুব্রত বিশ্বাস। ছবি: মোঃ আরিফ খান। ক্যাপশন: প্রশান্ত মজুমদার।

### ‘আসুন ক্যান্সার সেবায় বৈষম্য দূর করি’ প্রতিপাদ্য নিয়ে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল অনকোলজি বিভাগের উদ্যোগে বিশ্ব ক্যান্সার দিবস ২০২২ উদযাপিত

## ক্যান্সার মোকাবিলায় মাল্টিডিসিপ্লিনারি এ্যাপ্রোচ বাস্তবায়নের উপর গুরুত্বারোপ

### ক্যান্সার যাতে না হয় সেজন্য মানুষকে আরো সচেতন হতে হবে: উপাচার্য অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ

‘আসুন ক্যান্সার সেবায় বৈষম্য দূর করি’ প্রতিপাদ্য নিয়ে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ক্লিনিক্যাল অনকোলজি বিভাগের উদ্যোগে বিশ্ব ক্যান্সার দিবস ২০২২ উদযাপিত হয়েছে। এ উপলক্ষে আজ ৩ ফেব্রুয়ারি ২০২২ইং তারিখ সকাল ৯টায় অত্র বিশ্ববিদ্যালয়ের শহীদ ডা. মিল্টন হলে এক আলোচনা সভার আয়োজন করা হয়। এছাড়াও বি ব্লকের সামনে একটি সংক্ষিপ্ত র‍্যালি বের হয়। এসব আয়োজনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ বলেন, ক্যান্সার যাতে না হয় সেজন্য মানুষকে সচেতন হতে হবে, মানুষের মধ্যে ব্যাপক সচেতনতা সৃষ্টি করতে হবে। নিয়মিত ব্যায়ামের উপর গুরুত্ব দিতে হবে। ধুমপান পরিহার করতে হবে। রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে হবে। নিয়মিত পরীক্ষা নিরীক্ষা করতে হবে। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে ক্যান্সারে আক্রান্ত রোগীদের আধুনিক চিকিৎসার ব্যবস্থা রয়েছে, তবে রোগীদের সেবার পরিধি আরো বৃদ্ধি করা হবে। প্রয়োজনীয় জনবল তৈরি, উন্নত প্রশিক্ষণ, প্রয়োজনীয় যন্ত্রপাতি নিশ্চিত করাসহ বিশ্বের সর্বাধুনিক চিকিৎসা সেবার সকল অগ্রগতিকে এই বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা সেবার সাথে সংযোজন করা হবে।



অন্য বক্তারা বলেন, ক্যান্সারের চিকিৎসা এককভাবে করা যায় না। উপযুক্ত চিকিৎসা নিশ্চিত করতে মাল্টিডিসিপ্লিনারি এ্যাপ্রোচ বাস্তবায়ন করতে হবে। দিন দিন ক্যান্সারের রোগীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। এজন্য এখন থেকেই ব্যাপক প্রস্তুতি নিতে হবে। সকলের সম্মিলিত প্রচেষ্টায় ও সামাজিক আন্দোলন গড়ে তোলার মাধ্যমে ক্যান্সার মোকাবিলা করতে হবে।

গুরুত্বপূর্ণ এই অনুষ্ঠানে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ জাহিদ হোসনে, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. একেএম মোশাররফ হোসনে, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. ছয়েফ উদ্দিন আহমদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আতিকুর রহমান, ক্লিনিক্যাল অনকোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. মোঃ আব্দুল বারী প্রমুখ বক্তব্য রাখেন।

### বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে সরস্বতী পূজা উদযাপন পরিষদের উদ্যোগে কল্যাণময়ী বিদ্যাদেবীর বন্দনায় অঞ্জলি প্রদানসহ

## নানা আয়োজনের মধ্য দিয়ে শ্রী শ্রী সরস্বতী পূজা ২০২২ উদযাপিত



আজ ৫ ফেব্রুয়ারি ২০২২ইং তারিখ শনিবার সকালে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের এ ব্লক ও বি ব্লকের মধ্যবর্তী স্থল বটতলায় বিদ্যা ও জ্ঞানের দেবীকে বন্দনায় শ্রী শ্রী সরস্বতী পূজা ২০২২ উদযাপিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ। অনুষ্ঠানে প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন যে, বাংলাদেশ সাম্প্রদায়িক সম্প্রীতির মিলন মেলা। মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা বলেছেন ধর্ম যার যার উৎসব সবার। এই দেশ তাদের যারা এ দেশকে ভালোবাসে। সুতরাং কে কোন ধর্মের তা বিবেচ্য বিষয় নয়। এই বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় যতদিন থাকবে ততদিন আমরা সাম্প্রদায়িক সম্প্রীতি বজায় রাখবো। সবাই মিলে আমরা আমাদের দেশকে এগিয়ে নিয়ে যাব।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ জাহিদ হোসেন, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. একেএম মোশাররফ হোসেন, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. ছয়েফ উদ্দিন আহমদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আতিকুর রহমান। এসময় অত্র বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল টেকনোলজি অনুষদের ডিন অধ্যাপক ডা. দেবব্রত বনিক, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এ বি এম আব্দুল হান্নান, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, ইউজিসির প্রফেসর অধ্যাপক ডা. সজল কৃষ্ণ ব্যানার্জী, পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল ডা. মোঃ নজরুল ইসলাম খান, ল্যাবরেটরী মেডিসিন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. দেবতোষ পাল, নিওনেটোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. সঞ্জয় কুমার দে, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সরস্বতী পুজা উদযাপন পরিষদের সভাপতি অধ্যাপক ডা. চঞ্চল কুমার ঘোষ, সাধারণ সম্পাদক ডা. ইন্দ্রজিত কুমার কুন্ডু প্রমুখসহ অত্র বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষক, চিকিৎসক, ছাত্রছাত্রী, কর্মকর্তা, নার্স, মেডিক্যাল টেকনোলজিস্ট ও কর্মচারীবৃন্দ স্বাস্থ্যবিধি মেনে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানসমূহের মধ্যে ছিল অঞ্জলি প্রদান, প্রসাদ বিতরণ ইত্যাদি।


### বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে

## দৈনিক মজুরীভিত্তিক কর্মচারীদের অস্থায়ীভাবে নিয়োগ; কর্মচারীদের বাঁধভাঙ্গা উল্লাস



বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে কর্মরত দৈনিক মজুরীভিত্তিক কর্মচারীদের অস্থায়ীভাবে নিয়োগ দেওয়া হয়েছে। এর আগে গত সোমবার সকাল ১০টা ৩০ মিনিটে শহীদ ডা. মিল্টন হলে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ এর সভাপতিত্বে অনুষ্ঠিত ৮৫ তম সিন্ডিকেট এর সভায় এ বিষয়ে অনুমোদন দেওয়া হয়।

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের চিকিৎসাসেবা কার্যক্রম সুষ্ঠু সুন্দরভাবে অব্যাহত রাখার লক্ষ্যে এই বিশ্ববিদ্যালয়ে কর্মরত বিপুল সংখ্যক কর্মচারীকে তৃতীয় ও চতুর্থ শ্রেণীর বিভিন্ন পদে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হয়েছে। আর এ নিয়োগ প্রাপ্ত তৃতীয় এবং চতুর্থ শ্রেণীর সকল কর্মচারী মাননীয় ভাইস চ্যান্সেলর এর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তাঁরা মাননীয় ভাইস-চ্যান্সেলর স্যারকে ফুলেল শুভেচ্ছা জনান ও আনন্দ মিছিল করেন এবং মিষ্ঠি মুখ করান। এ নিয়োগের পর অনেক কর্মচারী খুশিতে কান্নায় ভেঙ্গে পরেন। অনেকে দৈনিক মজুরী ভিত্তিকভাবে প্রায় ১৫ থেকে ২০ বছর চাকুরী করছেন। কিন্তু কোনো ভিসিই তাদের অস্থায়ীভাবে নিয়োগ দিয়ে যেতে পারেননি। আর এত বিপুল সংখ্যক নিয়োগ একবারে হবে তা কেউই কল্পনা করতে পারেননি। এত বছর পর অস্থায়ীভাবে নিয়োগ পাওয়ায় তাদের এই বাঁধভাঙ্গা খুশি। নিয়োগপ্রাপ্ত সকলে মাননীয় ভাইস-চ্যান্সেলর স্যারের সু-স্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন।



“অযোগ্য নেতৃত্ব, নীতিহীন নেতা ও কাপুরুষ রাজনীতিবিদদের সাথে কোনদিন একসাথে হয়ে দেশের কাজে নামতে নেই, তাতে দেশ সেবার চেয়ে দেশের সর্বনাশই বেশি হয়।”

- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান



“বঙ্গবন্ধু বেঁচে থাকলে বাংলাদেশ আরো আগেই একটি উন্নত দেশে পরিনত হত।”

-প্রধানমন্ত্রী শেখ হাসিনা





গতকাল সন্ধ্যা বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে সরস্বতী পূজা উদযাপন উপলক্ষে এক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ। প্রধান আলোচক ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংস্কৃত বিভাগের সাবেক চেয়ারম্যান অধ্যাপক নিরঞ্জন অধিকারী, সভাপতিত্ব করেন পূজা উদযাপন পরিষদের সভাপতি অধ্যাপক ডা. চঞ্চল কুমার ঘোষ, স্বাগত বক্তব্য রাখেন পূজা উদযাপন পরিষদের সাধারণ সম্পাদক ডা. ইন্দ্রজিত কুমার কুন্ডু, অনুষ্ঠান সঞ্চালনা করেন পূজা উদযাপন পরিষদের সাংস্কৃতিক সম্পাদক ডা. পবিত্র কুমার দেবনাথ প্রমুখ। সম্পাদনা: সহকারী অধ্যাপক ডা. এস এম ইয়ার ই মাহাবুব ও সুব্রত বিশ্বাস। ছবি: মোঃ আরিফ খান। ক্যাপশন: প্রশান্ত মজুমদার।



বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ স্যার আজ ৭ ফেব্রুয়ারি ২০২২ইং তারিখে হাসপাতালে বিভিন্ন ব্লকে রাউন্ড দেন ও সুপার স্পেশালাইজড হাসপাতাল পরিদর্শন করেন কাজের অগ্রগতি সম্পর্কে খুঁজখবর নেন এবং শিক্ষার্থীদের বিভিন্ন বিষয়ের চলমান পরীক্ষা কার্যক্রমও পরিদর্শন করেন। সম্পাদনা: সহকারী অধ্যাপক ডা. এস এম ইয়ার ই মাহাবুব ও সুব্রত বিশ্বাস। ছবি: মোঃ আরিফ খান। ক্যাপশন: প্রশান্ত মজুমদার।

### বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের

## রেকর্ড রুম ডিজিটালাইজড করার নির্দেশ দিলেন মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ



বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের এ ব্লকের রেকর্ড রুমটি অবিলম্বে ডিজিটালাইজড করার নির্দেশ দিয়েছেন অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ। যুগের পর যুগ ধরে এই রেকর্ড রুমটি সংস্কার ও আধুনিকায়নের কোনো উদ্যোগ নেওয়া হয়নি। আজ মঙ্গলবার ৮ ফেব্রুয়ারি ২০২২ইং তারিখে এ ব্লকে রাউন্ড দেওয়ার সময় রেকর্ড রুম পরিদর্শন করে মাননীয় উপাচার্য এই নির্দেশ প্রদান করেন। এছাড়া মাননীয় উপাচার্য মহোদয় এ ব্লকের বিভিন্ন বিভাগ পরিদর্শন করেন। এছাড়াও মাননীয় উপাচার্য মহোদয় শহীদ ডা. মিলন হলে শিক্ষার্থীদের বিভিন্ন বিষয়ের চলমান পরীক্ষা কার্যক্রম পরিদর্শন করেন এবং করোনা মহামারীর মধ্যেও সম্পূর্ণ স্বাস্থ্যবিধি মেনে যাতে শিক্ষা কার্যক্রম এগিয়ে নেওয়া যায় সেই নির্দেশনা দেন।

এদিকে আজ মঙ্গলবার ৮ ফেব্রুয়ারি ২০২২ইং তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের নির্মাণাধীন ৭০০ শয্যাবিশিষ্ট সুপার স্পেশালাইজড হাসপাতালের বিষয়ে একটি গুরুত্বপূর্ণ সভা অনুষ্ঠিত হয়। মাননীয় উপাচার্য মহোদয় আগামীকাল বুধবার উক্ত হাসপাতালের সামগ্রিক কার্যক্রমের অগ্রগতি সরেজমিনে পরিদর্শন করবেন বলে জানান।

এদিকে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে দীর্ঘদিন ধরে কর্মরত তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের বিভিন্ন পদে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হয়েছে। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের চিকিৎসাসেবা কার্যক্রম সুষ্ঠু সুন্দরভাবে অব্যাহত রাখার লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের মাধ্যমে মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ এই নিয়োগ প্রদান করেন। এজন্য কর্মচারীবৃন্দ মাননীয় ভাইস চ্যান্সেলর এর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তাঁরা মাননীয় ভাইস-চ্যান্সেলর স্যারকে ফুলেল শুভেচ্ছা জনান ও আনন্দ মিছিল করেন এবং মিষ্টি মুখ করান। এই নিয়োগে বিশ্ববিদ্যালয়ে এক আনন্দঘন পরিবেশের সৃষ্টি হয়েছে।

## মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রত্যাশা অনুযায়ী

### দেশেই রোগ প্রতিরোধ ও মৌলিক গবেষণার নবদিগন্তের দার উম্মোচন করা হবেঃ মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ



মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রত্যাশা অনুযায়ী দেশেই রোগ প্রতিরোধ ও মৌলিক গবেষণার নবদিগন্তের দার উম্মোচন করা হবে। যার কেন্দ্র বিন্দু হবে জাতির পিতার নামে প্রতিষ্ঠিত প্রথম মেডিক্যাল বিশ্ববিদ্যালয় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়। আজ বৃহস্পতিবার ২৪ ফেব্রুয়ারি ২০২২ইং তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে পাবলিক হেলথ এন্ড ইনফরমেটিকস বিভাগে মৌলিক গবেষণা নিয়ে আয়োজিত এক গুরুত্বপূর্ণ সভায় অত্র বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ এমন অভিমত ব্যক্ত করেন। মাননীয় উপাচার্য বলেন, দেশের মানুষের জন্য কল্যাণকর জনস্বাস্থ্য বিষয়ক এমন গবেষণাকে অধিক গুরুত্ব দেওয়া হবে। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা বিশ্ববিদ্যালয়, আইসিডিডিআরবিসহ গুরুত্বপূর্ণ জাতীয় প্রতিষ্ঠানের সমন্বিত উদ্যোগে গবেষণা কার্যক্রম বাস্তবায়ন করা হবে। ফুড সেফটি, ড্রাগস সেফটির বিষয়ে গুরুত্ব দেওয়া হবে। গবেষণা কার্যক্রমকে জোরদার করতে এ্যাডভাইজরি কমিটি গঠন, রিসার্চ স্ট্র্যাটাজি জোরদার করা, রিসার্চ গ্রুফ তৈরি করা, ফান্ড ম্যানেজমেন্ট টিম গঠন করাসহ নানা উদ্যোগ নেওয়া হবে।

গুরুত্বপূর্ণ ওই সভায় ইমেরেটাস অধ্যাপক ডা. এবিএম আব্দুল্লাহ বলেন, গবেষণা হতে হবে সত্যিকার অর্থে মানসম্মত। পেশেন্ট কেয়ার, টিচিং, রিসার্চ ভাগ করে সেভাবে কাজ করলে কাঙ্খিত ফল পাওয়া যাবে। তিনি আরো বলেন, চিকিৎসকরা শুধু টাকার জন্য রোগী দেখেন না। রোগীদের সেবা প্রদানের মাধ্যমে মানুষের জীবন বাঁচাতে গুরুত্বপূর্ণ অবদান রাখেন সেটাও আমাদের স্মরণে রাখা উচিত।

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সাবেক ডিন অধ্যাপক ডা. এম ইকবাল আর্সলান বলেন, একজন গবেষক আজীবন একটি নির্দিষ্ট বিষয়ে গবেষণা করবেন, তাহলেই আন্তর্জাতিকমানের গবেষণা কর্ম নিশ্চিত করা যাবে। গবেষণার ক্ষেত্রে টেন্ডার প্রক্রিয়া একটি অন্তরায় যার পরিবর্তন হওয়ার প্রয়োজন। তিনি আরো বলেন, কোনো প্রতিষ্ঠানের অগ্রাধিকার বিষয় কি তা নির্ধারণ করে এগিয়ে যেতে হবে।

গুরুত্বপূর্ণ এই সভায় সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ জাহিদ হোসেন, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. ছয়েফ উদ্দিন আহমেদ, সিন্ডিকেট মেম্বার অধ্যাপক ডা. কাজী শহীদুল আলম, ইউজিসির অধ্যাপক ডা. সজল কৃষ্ণ ব্যানার্জী, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল প্রমুখ বক্তব্য রাখেন।

বক্তারা ক্লিনিক্যাল রিসার্চ, মাঠ পর্যায়ে গবেষণা কার্যক্রম পরিচালনা করা, গবেষণা কর্মে শিল্প প্রতিষ্ঠানকে যুক্ত করা, আমলাতান্ত্রিক জটিলতা দূর করা, জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের প্রতিষ্ঠানের যৌথ উদ্যোগ নিশ্চিত করা, প্রয়োজনীয় ফান্ড নিশ্চিত করা, প্রয়োজনীয় ডেটার অভাব দূর করা, গবেষকদের সুযোগ সুবিধা নিশ্চিত করা, শিক্ষকদের জন্য গবেষণা সংক্রান্ত গাইডলাইন তৈরি করা, গবেষণা কর্মে বিশ্বমানের গবেষকদের অর্ন্তভুক্ত করা, কমিউনিকেশন টিম গঠন করা, ভ্যাকসিন বিষয়ক গবেষণায় গুরুত্ব দেওয়া, মাল্টিডিসিপ্লিনারি কোঅপারেটিভ এ্যাকশন নিশ্চিত করা, রেফারেল ল্যাবরেটরিসহ এ সংক্রান্ত সুবিধাদি নিশ্চিত করাসহ মূল্যবান মতামত প্রদান করেন।

### বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে


## কোভিড-১৯ এর টিকা গ্রহীতাদের উপর পরিচালিত গবেষণার ফলাফল প্রকাশ

### টিকা গ্রহণকারীদের ৯৮ শতাংশের শরীরে এন্টিবডির উপস্থিতি পাওয়া গেছেঃ মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ

কোভিড-১৯ এর টিকা গ্রহীতাদের ৯৮ শতাংশের শরীরে এন্টিবডির উপস্থিতি পাওয়া গেছে। যারা পূর্বেই কোভিডে আক্রান্ত হয়েছিলেন, তাদের শরীরে তুলনামূলক বেশি এন্টিবডি পাওয়া গিয়েছে। অক্সফোর্ড বিশ্ববিদ্যালয় কর্তৃক উদ্ভাবিত ভারতের সেরাম ইন্সটিটিউটের তৈরি অ্যাস্ট্রাজেনেকার টিকা গ্রহণকারী ২০৯ জন টিকা গ্রহীতার মাঝে পরিচালিত গবেষণায় এই তথ্য পাওয়া যায়। আজ সোমবার ২ আগস্ট ২০২১ইং তারিখে শহীদ ডা. মিল্টন হলে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য ও "Haematological Parameters and Antibody Titre After Vaccination Against SARS-CoV-2" শীর্ষক গবেষণার প্রধান গবেষক অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ এ তথ্য জানান। মাননীয় উপাচার্য বলেন, কোনো ধরণের আতঙ্ক নয়। অবশ্যই করোনা ভাইরাসের টিকা নিতে হবে। টিকা নিলে করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে মৃত্যুঝুঁকি একেবারেই কম। মাননীয় উপাচার্য তাঁর বক্তব্যে দেশের সকল মানুষের টিকাদান নিশ্চিত করতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঘোষাণা অনুযায়ী দেশেই টিকা উৎপাদনের উপর গুরুত্বারোপ করে বলেন, স্বাভাবিক জীবনে ফিরে যেতে অবশ্যই টিকা নিতে হবে। তিনি আরো জানান, আজকের এই গবেষণা থেকে বাংলাদেশে জনগণের উপর টিকা প্রয়োগের পর কার্যকর এন্টিবডি তৈরির প্রমাণ পাওয়া গিয়েছে। তবে সময়ের সাথে এন্টিবডির উপস্থিতি এর পরিবর্তন এবং পাশাপাশি টিকাদান কর্মসূচীতে নতুন অন্তর্ভুক্ত অন্যান্য টিকার এন্টিবডি তৈরির কার্যক্ষমতা পর্যালোচনার জন্য আরো গবেষণা কার্যক্রম পরিচালনা করা হবে। প্রথম ডোজ নেওয়ার তিন চার মাস পরে দ্বিতীয় ডোজ নিলে কি পরিমাণ এন্টিবডি তৈরি হয় সেই বিষয়েও গবেষণা কার্যক্রম পরিচালনা করা হবে। কোভিড মোকাবিলায় টিকাদান কর্মসূচিকে সার্থক করার বিকল্প নেই। পাশাপাশি প্রয়োজনীয় সকল ক্ষেত্রে স্বাস্থ্য বিধির যথাযথ অনুসরণ নিশ্চিত করা অপরিহার্য।

মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ বলেন, কোভিড-১৯ অতিমারীতে সমস্ত বিশ্ব আজ বিপর্যস্ত। বাংলাদেশে করোনাভাইরাস অতিমারীর তৃতীয় ঢেউ চলমান। দেশে সরকারি হিসাবে এ পর্যন্ত মোট মৃত্যুবরণ করেছেন ২০ হাজার ৯১৬ জন এবং মোট শনাক্ত হয়েছেন ১২ লাখ ৬৪ হাজার ৩২৮ জন। মাননীয় প্রধানমন্ত্রীর সুযোগ্য নেতৃত্বে কোভিড অতিমারী মোকাবেলায় দেশে করোনা ভাইরাসের ভ্যাক্সিনেশন কর্মসূচী চলমান আছে এবং বর্তমানে তা আরো বেগবান হচ্ছে। ভারতের সেরাম ইন্সটিটিউটের তৈরি অ্যাস্ট্রাজেনেকার টিকা দিয়ে টিকা কার্যক্রম শুরু হয়। বর্তমানে আরো কয়েক ধরণের টিকা এ কর্মসূচিতে ব্যবহৃত হচ্ছে। টিকাদান এর উদ্দেশ্য হল মানবদেহে করোনাভাইরাসের বিরুদ্ধে এন্টিবডি তৈরি করা যা ভবিষ্যতে কোভিড-১৯ এ আক্রান্ত হওয়ার ঝুঁকি কমানো এবং আক্রান্ত হলে রোগের জটিলতা হ্রাস এবং মৃত্যু ঝুঁকি কমানো।

চলতি বছরের এপ্রিল থেকে জুলাই পর্যন্ত কোভিড-১৯ এর টিকা গ্রহণকারীদের উপর এই গবেষণা পরিচালিত হয়। গবেষণায় অংশগ্রহনকারীদের মধ্যে তিন-চতুর্থাংশ পুরুষ এবং অর্ধেকের বেশী স্বাস্থ্য সেবা প্রদানের সাথে জড়িত। অংশ গ্রহণকারীদের মধ্যে ৩১ শতাংশের পূর্বে কোভিড সংক্রমিত হবার ইতিহাস আছে। অর্ধেকেরও বেশি অংশগ্রহণকারী পূর্ব থেকেই হাঁপানীসহ অন্যান্য রোগে রোগের কারণে বেশিরভাগ এন্টিবডি তৈরিতে কোনো শতাংশ অংশগ্রহণকারী প্রতিক্রিয়া হিসেবে সামান্য জানিয়েছেন। রক্ত জমাট বাঁধা বা প্রতিক্রিয়া গবেষণাকালীন সময়ে পার্শ্বপ্রতিক্রিয়া এর সাথে সম্পর্ক পাওয়া যায়নি। টিকা শতাংশের শরীরে এন্টিবডি এর শতাংশের এন্টিবডি পাওয়া আক্রান্ত, অনেক বয়স্ক এবং রোগ এই গবেষণা কার্যক্রমটিতে অত্র উপ-উপাচার্য (গবেষণা ও জাহিদ হোসেন, উপ-উপাচার্য মোশাররফ হোসেন,



ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ, ভুগছিলেন। তবে এ ধরনের ক্ষেত্রেই টিকাগ্রহণের পর পার্থক্য পরিলক্ষিত হয় নি। ৪২ টিকাগ্রহণের পরে পার্শ্ব জ্বরসহ মৃদু উপসর্গের কথা এরকম অন্য কোনো জটিল পার্শ্ব পরিলক্ষিত হয়নি। এন্টিবডি এর উপস্থিতির কোনো গ্রহণকারীদের মাঝে ৯৮ উপস্থিতি পাওয়া গেছে। যে ২ যায়নি তারা জটিল রোগে প্রতিরোধ ক্ষমতা অনেক কম। বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ (শিক্ষা) অধ্যাপক ডা. একেএম হেমাটোলজি বিভাগের

চেয়ারম্যান অধ্যাপক ডা. মোঃ সালাহউদ্দীন শাহ সহ-গবেষক হিসেবে এই গবেষণা প্রকল্পের সাথে যুক্ত ছিলেন।

এদিকে আজ সোমবার ২ আগস্ট ২০২১ইং তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ ডেঙ্গু প্রতিরোধে পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রমের শুভ উদ্বোধন করেন। মাননীয় উপচার্য বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মেডিসিন ও শিশু বিভাগে ডেঙ্গু কর্ণার চালু করা হয়েছে। বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসসহ সকল বিভাগ ও অফিসে পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালিত হচ্ছে। ডেঙ্গু প্রতিরোধে দেশবাসীকে এগিয়ে আসতে হবে। বাড়ির আঙ্গিনা পরিস্কার রাখতে হবে, ফুলের টবসহ অন্যকোনো পাত্রে যাতে একদিনের বেশি পানি জমে না থাকে সেদিকে খেয়াল রাখতে হবে। বর্তমানে মানুষ একই সাথে করোনা ভাইরাস ও ডেঙ্গু জ্বরে আক্রান্ত হচ্ছে। এর ফলে রোগীদের জটিলতা বেশি দেখা যাচ্ছে এবং এক্ষেত্রে মৃত্যু ঝুঁকিও বেশি থাকে। তাই ডেঙ্গু জ্বরের কারণ এডিস মশার উৎপত্তি স্থল অবশ্যই ধ্বংস করতে হবে।

এ সকল কার্যক্রমে সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ জাহিদ হোসেন, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. একেএম মোশাররফ হোসেন, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. ছয়েফ উদ্দিন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আতিকুর রহমান, সাবেক উপ-উপাচার্য অধ্যাপক মোহাম্মদ সহিদুল্লা, সাবেক উপ-উপাচার্য অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, সদ্য বিদায়ী উপ-উপাচার্য অধ্যাপক ডা. মুহাম্মদ রফিকুল আলম, ডেন্টাল অনুষদের ডীন অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, মেডিসিন অনুষদের ডীন অধ্যাপক ডা. মাসুদা বেগম, শিশু অনুষদের ডীন অধ্যাপক ডা. শাহীন আকতার, নার্সিং অনুষদের ডীন অধ্যাপক ডা. মোহাম্মদ হোসেন, মেডিক্যাল টেকনোলজি অনুষদের ডীন অধ্যাপক ডা. দেবব্রত বনিক, প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, পরিচালক (হাসপাতা) ব্রিগেডিয়ার জেনারেল ডা. মোঃ নজরুল ইসলাম খান, হল প্রভোস্ট অধ্যাপক ডা. এস এম মোস্তাফা জামান, নাক কান গলা বিভাগে অধ্যাপক ডা. জহুরুল হক সাচ্চু, মিডিয়া সেলের প্রধান সমন্বয়ক সহকারী অধ্যাপক ডা. এস এম ইয়ার-ই-মাহাবুব, অতিরিক্ত পরিচালক (হাসপাতাল) ডা. মোঃ নাজমুল করিম মানিক, সহকারী প্রক্টর সহযোগী অধ্যাপক ডা. সুভাষ কান্তি দে, সহকারী প্রক্টর সহযোগী অধ্যাপক ডা. ইন্দ্রজিৎ কুমার কুন্ডু, সহকারী প্রক্টর মোঃ ফারুক হোসেন, মাননীয় উপাচার্য মহোদয়ের পিএস-১ সহকারী অধ্যাপক ডা. মোঃ রাসেল, মাননীয় উপাচার্য মহোদয়ের পিএস-২ সহকারী পরিচালক দেবাশীষ বৈরাগী প্রমুখ উপস্থিত ছিলেন ।

### বাংলাদেশ কার্ডিওভাসকুলার রিসার্চ ফাউন্ডেশন ও যুক্তরাষ্ট্রের ইন্টারভেনশনাল একাডেমির যৌথ উদ্যোগে

## ২ দিনব্যাপী হৃদরোগ বিষয়ক আন্তর্জাতিক বৈজ্ঞানিক সম্মেলন ২০২২ শুরু

### হৃদরোগ প্রতিরোধে ধূমপান থেকে বিরত থাকুন, নিয়মিত ব্যায়াম করুনঃ মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ
### প্রয়োজনীয় বিশেষজ্ঞ তৈরির কার্যকরী পদক্ষেপ নেওয়া হবে



বাংলাদেশ কার্ডিওভাসকুলার রিসার্চ ফাউন্ডেশন ও যুক্তরাষ্ট্রের ইন্টারভেনশনাল একাডেমির যৌথ উদ্যোগে ২ দিনব্যাপী হৃদরোগ বিষয়ক আন্তর্জাতিক বৈজ্ঞানিক সম্মেলন ২০২২ আজ শুক্রবার ২৫ ফেব্রুয়ারি ২০২২ইং তারিখে রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে শুরু হয়েছে। শুক্রবার সকালে প্রধান অতিথি হিসেবে সম্মেলনের শুভ উদ্বোধন ঘোষণা করেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ বলেন, হৃদরোগ প্রতিরোধে গুরুত্ব দিতে হবে। ধূমপান করা যাবে না, নিয়মিত ব্যায়াম করতে হবে। ডায়েট কন্ট্রোল করা উচিত এবং জীবনে ডিসিপ্লিন থাকতে হবে। মানসিক চাপ মুক্ত থাকুন। লবন ও চিনির ব্যবহার যথাযথ ও পরিমিত হতে হবে। যথাসম্ভব লবন ও চিনি খাওয়া থেকে বিরত থাকুন। তবেই হৃদরোগ প্রতিরোধ করা যাবে। মাননীয় উপাচার্য বলেন, দেশের হৃদরোগ চিকিৎসাসেবার অনেক উন্নতি হয়েছে। তবে প্রয়োজনীয় সংখ্যক বিশেষজ্ঞের অভাব রয়েছে। এজন্য হৃদরোগ বিষয়ক কোর্সসমূহে ছাত্র ভর্তির সংখ্যা বৃদ্ধি করা হবে। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় দেশে বিশেষজ্ঞ চিকিৎসক তৈরিতে বিরাট অবদান রাখছে এবং এই কার্যক্রম আরো জোরদার করা হবে। তিনি আরো বলেন, দেশের হৃদরোগ বিশেষজ্ঞ ও চিকিৎসকগণ দেশেই রোগীদের উন্নত চিকিৎসাসেবা প্রদান করায় দেশের মানুষ উপকৃত হচ্ছে, একই সাথে বৈদেশিক মুদ্রা সাশ্রয় হচ্ছে– যা দেশের অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে।

বাংলাদেশ কার্ডিওভাসকুলার রিসার্চ ফাউন্ডেশনের সভাপতি ও বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের হল প্রভোস্ট অধ্যাপক ডা. এসএম মোস্তফা জামানের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউজিসি এর সম্মানিত অধ্যাপক ডা. সজল কৃষ্ণ ব্যানার্জী, যুক্তরাষ্ট্রের কার্ডিওভাসকুলার বিশেষজ্ঞ ডা. রাজেশ এম ডেভ, এনআইসিভিডি এর সাবেক পরিচালক অধ্যাপক আব্দুল্লাহ আল শফি মজুমদার, বাংলাদেশ সোসাইটি অফ কার্ডিওভাসুকলার ইন্টারভেনশনের সভাপতি অধ্যাপক একেএম ফজলুর রহমান, ন্যাশনাল ইনস্টিটিউট অফ কার্ডিওভাসুকলালের পরিচালক অধ্যাপক ডা. মীর জামাল উদ্দিন। অনুষ্ঠানে দেশের হৃদরোগ বিশেষজ্ঞ ও চিকিৎসকবৃন্দসহ বিশ্বের বিভিন্ন দেশের ফ্যাকাল্টিগণ অংশগ্রহণ করেন। প্রথম দিনে ১৭টি বৈজ্ঞানিক সেশন অনুষ্ঠিত হবে এবং আগামীকাল ২৬ ফেব্রুয়ারি লাইভ ট্রান্সমিশন বিষয়ক উল্লেখযোগ্য একটি সেশনসহ ২ দিনে মোট ২৩টি সেশন এই আন্তর্জাতিক সম্মেলনে অনুষ্ঠিত হবে।

এদিকে আজ শুক্রবার সন্ধ্যায় রয়েছে সাংস্কৃতিক অনুষ্ঠান। এরপর রাত ৮টায় স্বাস্থ্যসেবা ও চিকিৎসাশাস্ত্রের মানন্নোয়নে অবদানের জন্য ১৩ জন কৃতি চিকিৎসককে স্মারক সম্মাননা প্রদান করা হবে। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মাননীয় শিক্ষা মন্ত্রী ডা. দীপু মনি এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মাননীয় এ্যাটর্নি জেনারেল আবু মোহাম্মদ আমিন উদ্দিন। যেসকল গুণী শিক্ষক ও চিকিৎসককে সম্মাননা দেওয়া হবে সেই বরেণ্য বিশিষ্ট ব্যক্তিরা হলেন– অধ্যাপক শেখ আলী আশরাফ, জাতীয় অধ্যাপক ব্রিগেডিয়ার (অব.) আব্দুল মালিক, মাননীয় সংসদ সদস্য ও বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ডা. প্রাণ গোপাল দত্ত, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার ব্যক্তিগত চিকিৎসক ও ইমেরেটাস অধ্যাপক ডা. এবিএম আব্দুল্লাহ, জাতীয় অধ্যাপক ডা. এ কে আজাদ খান, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক ডা. মাহমুদ হাসান, ইউজিসির সম্মানিত অধ্যাপক ডা. সজল কৃষ্ণ ব্যানার্জী, অধ্যাপক সিরাজুর রহমান খান, অধ্যাপক সুফিয়া রহমান, অধ্যাপক মোহাম্মদ নজরুল ইসলাম, অধ্যাপক এম আমজাদ হোসেন ও ব্রিগেডিয়ার জেনারেল অধ্যাপক নুরুন নাহার ফাতেমা বেগম।

### মুজিব শতবর্ষ, বাংলাদেশের মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও বিজয়ের ৫০ বছর পূর্তিতে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের

## ভাইস-চ্যান্সেলর গোল্ডকাপ ক্রিকেট টুর্নামেন্ট ২০২১ এর ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত



মুজিব শতবর্ষ, বাংলাদেশের মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও বিজয়ের ৫০ বছর পূর্তিতে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর গোল্ডকাপ ক্রিকেট টুর্নামেন্ট ২০২১ এর ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। আজ ২৬ ফেব্রুয়ারি ২০২২ইং তারিখে বেলা ৩টা ৩০ মিনিটে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে আয়োজিত এই পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. ছয়েফ উদ্দিন আহমদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আতিকুর রহমান, বাংলাদেশ সুইমিং ফেডারেশন ও ঢাকা বিভাগীয় ক্রীড়া সমিতির সাধারণ সম্পাদক এম বি সাইফ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক অধ্যাপক ড. অসীম সরকার, ঢাকা বিশ্ববিদ্যালয় শারীরিক শিক্ষা কেন্দ্রের পরিচালক মোঃ শাহাজাহান আলী প্রমুখ। অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন ভাইস-চ্যান্সলর গোল্ডকাপ ক্রিকেট টুর্নামেন্ট ২০২১ এর পরিচালনা কমিটির আহবায়ক মোঃ মনিরুজ্জামান (মনির) মুন্সী। ভাইস-চ্যান্সলর গোল্ডকাপ ক্রিকেট টুর্নামেন্ট ২০২১ এর পরিচালনা কমিটির সদস্য সচিব মোঃ জাহিদুল আলম ও পরিচালনা কমিটির সদস্য শীলব্রত বড়ুয়া (জুয়েল) এর সঞ্চালনায় অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের তৃতীয় শ্রেণীর কল্যাণ সমিতির সভাপতি জায়দুল হক জাহিদ ও সাধারণ সম্পাদক আব্দুল্লাহ-আল-মামুন। অনুষ্ঠান শুরুর আগে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন ডক্টরস হল জামে মসজিদের ইমাম হাফেজ মাওলানা আইয়ুব আলী। এই টুর্নামেন্টে ট্রেজারার (কোষাধ্যক্ষ) অফিস ক্রিকেট একাদশ এবং এ্যানেসথেসিয়া ক্রিকেট একাদশ এর মধ্যে ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। এতে মোট ১২টি টিম অংশগ্রহণ করে। ফাইনাল খেলায় ট্রেজারার (কোষাধ্যক্ষ) অফিস ক্রিকেট একাদশ চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

প্রধান অতিথির বক্তব্যে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ বলেন, খেলাধুলা মানুষের শরীর সুস্থ রাখে। ডিসিপ্লিন ও সৎ হতে শেখায়। মাননীয় উপাচার্য বলেন, করোনা মহামারীর স্থবিরতা কাটিয়ে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর গোল্ডকাপ ক্রিকেট টুর্নামেন্ট ২০২১ সফলভাবে সম্পন্ন হলো। আগামীতে ফুটবল, ব্যাডমিন্টন টুর্নামেন্টের আয়োজন করা হবে। মাননীয় উপাচার্য তাঁর বক্তব্যে ভাষা সৈনিক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং ভাষা শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, খেলাধুলার পাশাপাশি সবাইকে নিজ নিজ দায়িত্ব কর্তব্য সঠিকভাবে পালন করতে হবে। তিনি আরো বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় ও ঢাকা বিশ্ববিদ্যালয় সম্ভাব্য সকল ক্ষেত্রে যৌথভাবে কাজ করে এগিয়ে যাবে। সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. ছয়েফ উদ্দিন আহমদ বলেন, এই ধরণের আয়োজন প্রতি বছর হওয়া উচিত। সম্মানিত কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আতিকুর রহমান বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য শিক্ষক বান্ধব, ছাত্রবান্ধব, স্টাফ বান্ধব। এই ধরণের আয়োজন অবশ্যই গৌরবের বিষয়।

## ৪২তম বিসিএস (বিশেষ) স্বাস্থ্য ক্যাডারে নব নিয়োগপ্রাপ্ত চিকিৎসকদের ওরিয়েন্টশন প্রোগ্রাম অনুষ্ঠিত

### নব নিয়োগপ্রাপ্তদের চিকিৎসকদের রোগীদের সেবায় বেশি করে আত্মনিয়োগ করার আহ্বান মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ এর



আজ রবিবার ২৭ ফেব্রুয়ারি ২০২২ইং তারিখে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ৪২তম বিসিএস (বিশেষ) স্বাস্থ্য ক্যাডারে নব নিয়োগপ্রাপ্ত চিকিৎসকদের ওরিয়েন্টশন প্রোগ্রামে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব জাহিদ মালেক, এমপি। বিশেষ অতিথি ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, মাননীয় সচিব (স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ) জনাব সাইফুল হাসান বাদল, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. এ এইচ এম এনায়েত হোসেন, বাংলাদেশ মেডিক্যাল এ্যাসোসিয়েশনের সভাপতি ডা. মোস্তফা জালাল মহিউদ্দিন এমপি, বাংলাদেশ আওয়ামী লীগের স্বাস্থ্য ও জনসংখ্যা বিষয়ক সম্পাদক ডা. রোকেয়া সুলতানা, স্বাধীনতা চিকিৎসক পরিষদের সভাপতি অধ্যাপক ডা. এম ইকবাল আর্সলান, বিএমএ এর মহাসচিব ডা. মোঃ ইহতেশামুল হক চৌধুরী, স্বাচিপ এর মহাসচিব অধ্যাপক ডা. এম এ আজিজ। সভাপতিত্ব করেন সিনিয়র সচিব জনাব লোকমান হোসেন মিয়া। স্বাগত বক্তব্য রাখেন স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. আবুল বাসার মোহাম্মদ খুরশীদ আলম।

বিশেষ অতিথির বক্তব্যে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ নবীন চিকিৎসকদের অভিনন্দন জানিয়ে তাঁদের রোগীদের সেবায় বেশি করে আত্মনিয়োগ করার আহ্বান জানান। মাননীয় উপাচার্য বলেন, বাংলাদেশে চিকিৎসা পেশায় নারীরা গুরুত্বপূর্ণ অবদান রাখছেন। সংখ্যার দিক দিয়ে পুরুষের থেকে চিকিৎসা পেশায় নারীরা অনেক এগিয়ে রয়েছেন। তবে বর্তমান বাস্তবতায় এবং অদূর ভবিষ্যতের কথা বিবেচনায় নিয়ে এবং চিকিৎসাপেশায় রোগীদের সার্বক্ষণিক ও জরুরি সেবাকে গুরুত্ব দিয়ে নারী চিকিৎসকদের সাথে সাথে সংখ্যার দিক দিয়ে পুরুষ চিকিৎসকদেরও সমানতালে এগিয়ে আসতে হবে, সুযোগ তৈরি করতে হবে এবং এ বিষয়ে নীতিনির্ধারণী কর্তৃপক্ষকেরও ভাবা উচিত।

### বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে

## শিক্ষকদের জন্য গবেষণা মঞ্জুরী প্রদান

### মানুষের জন্য উপকারী মানসম্মত গবেষণা করুন, অর্থের সমস্যা হবে নাঃ মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ



বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ বলেছেন, মানুষের জন্য উপকারী মানসম্মত গবেষণা করুন, এক্ষেত্রে অর্থের সমস্যা হবে না। রোগ প্রতিরোধ ও রোগ নিরাময়ে ভূমিকা রাখে এমন গবেষণায় নজর দিন। গবেষণার মাধ্যমে নিত্যনতুন উদ্ভাবনকে রোগীদের কল্যাণে কাজে লাগাতে হবে। আজ সোমবার ২৮ ফেব্রুয়ারি ২০২২ইং তারিখে পাবলিক হেলথ এন্ড ইনফরমেটিকস বিভাগের ক্লাস রুমে আয়োজিত শিক্ষকদের জন্য রিসার্চ গ্র্যান্ট প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মাননীয় উপাচার্য একথা বলেন। এসময় সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ জাহিদ হোসেন, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আতিকুর রহমান, ডিন অধ্যাপক ডা.মাসুদা বেগম, ডিন অধ্যাপক ডা. শিরিন তরফদার, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, উপ-রেজিস্ট্রার ডা. হেলাল উদ্দিন প্রমুখ উপস্থিত ছিলেন। মহতী এই আয়োজনে সম্মানিত ২৫ জন শিক্ষককে রিসার্চ গ্র্যান্ট প্রদান করা হয়েছে।

**সম্পাদক :** ডাঃ এস এম ইয়ার ই মাহাবুব, **নির্বাহী সম্পাদক :** সুব্রত বিশ্বাস, **নিউজঃ** প্রশান্ত মজুমদার, **উপদেষ্টাঃ** অধ্যাপক ডা. হারিসুল হক, অধ্যাপক ডা. মামুন আল মাহতাব (স্বপ্নীল), **প্রকাশক :** অধ্যাপক ডা. এ বি এম আবদুল হান্নান রেজিস্ট্রার, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, **ওয়েবসাইটঃ** www.bsmmu.edu.bd, ই-মেইলঃ mediacell@bsmmu.edu.bd, **মুদ্রক :** পরশ প্রিন্টার্স এন্ড পাবলিশার্স, ১৯৩/এ, ফকিরাপুল, ঢাকা-১০০০